

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

ফ্যাক্সঃ ০২-৮৮৭৯১৯৯ ফোনঃ ০২-৮৮৭৯২৯৯

E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.০০০.০১.০৬৬.১৮৮৪০

তারিখঃ ১০-১২-১৬

বিষয়ঃ কোর্ট হতে মামলার অবস্থা জানার জন্য ১(এক) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৫-১১-২০১৮ তারিখ অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভায় অত্র অধিদপ্তরের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে/কোর্টে চলমান মামলার অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কোর্ট হতে মামলার অবস্থা জানার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, ১৫-১১-২০১৮ তারিখ অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক তাঁর দপ্তরাধীন বিভিন্ন বিষয়ে পক্ষে/বিপক্ষে আদালতে/কোর্টে চলমান মামলার অবস্থা সম্পর্কে জানার জন্য তাঁর দপ্তরাধীন সহকারী প্রকৌশলীকে ফোকাল কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, দায়িত্ব প্রাপ্ত ফোকাল কর্মকর্তা আদালতে/কোর্টে চলমান অবস্থা সম্পর্কে সর্বশেষ তথ্য/উপাত্ত সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।

(ইবনে আলম হাসান)

পরিচিতি নং-০০১০৩৩

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বরাবর

নির্বাহী প্রকৌশলী, সওজ

সড়ক বিভাগ, .....

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/কুমিল্লা জোন, কুমিল্লা/রাজশাহী জোন, রাজশাহী/বরিশাল জোন, বরিশাল/খুলনা জোন, খুলনা/চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/রংপুর জোন, রংপুর/সিলেট জোন, সিলেট/গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, .....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলোঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।